

আয় আরো বেঁধে বেঁধে থাকি

শঙ্খ ঘোষ

আমাদের ডান পাশে ধ্বস
আমাদের বাঁয়ে গিরিখাদ
আমাদের মাথায় বোমারু
পায়ে পায়ে হিমালী বাঁধ ।
আমাদের পথ নেই কোন
আমাদের ঘর গেছে উড়ে
আমাদের শিশুদের শব
ছড়ানো ছিটানো কাছে দূরে ।
আমরাও তবে এইভাবে
এ মুহূর্তে মরে যাবো নাকি ?
আমাদের পথ নেই আর
আয় আরো বেঁধে বেঁধে থাকি ।
আমাদের ইতিহাস নেই
অথবা এমনই ইতিহাস
আমাদের চোখমুখ ঢাকা
আমরা ভিখারি বারোমাস ।
পৃথিবী হয়তো বেঁচে আছে
পৃথিবী হয়তো গেছে মরে
আমাদের কথা কেবা মানে
আমরা ফিরেছি দোরে দোরে ।
কিছুই কোথাও যদি নেই
তবুও কজন আছি বাকি
আয় আরো হাতে হাত রেখে
আয় আরো বেঁধে বেঁধে থাকি ।।

Let us bind ourselves tight

Sankha Ghosh

On our right, ruination
Abyss on our left
Above us, the bomber
Our feet in glacial cleft.

Our roads are gone
Our homes are astray
Our children lie dead
Here and far away.

Are we to die too
In this moment of plight?
We have nowhere to go
Come, let's bind ourselves tight.

We have no history to tell
May be a past here and there
Faces covered in cloth
We beg through the year.

This world may still be living
Or may be not any more
We are strangers to all
Pushed from door to door.

Nothing much survives
But few of us still might
Come, put your hands into mine
Come, let's bind ourselves tight.

Translated from the Bangla original আয় আরো বেঁধে বেঁধে থাকি by Sayandeb Chowdhury